```html ```

# আল কুরআন রুকইয়াহ হিলিং সেন্টার

রাকী ফয়সাল আহমেদ সাবিত (এমবিবিএস শিক্ষার্থী, কুমিল্লা মেডিকেল কলেজ)
WhatsApp: 01886608999 | Telegram: Raqi Faisal Ahmed Sabit ( Official)

## 📌 পুতুল জাদু (Voodoo Doll), গিট ও ব্লকেজ ধ্বংসের নির্দেশনামূলক স্ক্রিপ্ট

এই নির্দেশনামূলক স্ক্রিপ্টটি পুতুল জাদু (Voodoo Doll), শরীরে সুঁই বা পিন ফোটানোর ব্যথা, গিট জাদু এবং জীবনের বিভিন্ন কাজে তৈরি হওয়া বাধা ও ব্লক ধ্বংস করার জন্য অত্যন্ত কার্যকরী। নিজের সুরক্ষার জন্য এবং জাদুর প্রভাব নষ্ট করতে নির্দেশিত নিয়মে এটি পাঠ করুন।

### ১. আল্লাহর আশ্রয় ও সুরক্ষা প্রার্থনা

أَعُوذُ بِاللَّهِ السَّمِيعِ الْعَلِيمِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيمِ

পাঠের নিয়ম: ৩ বার

**অর্থ:** আমি সর্বশ্রোতা, সর্বজ্ঞানী আল্লাহর কাছে বিতাড়িত শয়তান থেকে আশ্রয় প্রার্থনা করছি।

بِسْمِ اللَّهِ الَّذِي لَا يَضُرُّ مَعَ اسْمِهِ شَيْءٌ فِي

الْأَرْضِ وَلَا فِي السَّمَاءِ وَهُوَ السَّمِيعُ الْعَلِيمُ

পাঠের নিয়ম: ৩ বার

**অর্থ:** সেই আল্লাহর নামে (আমি শুরু করছি), যাঁর নামের বরকতে আসমান ও যমীনের কোনো
```

কিছুই কোনো ক্ষতি করতে পারে না। আর তিনি সর্বশ্রোতা, সর্বজ্ঞ।

### ২. ঈমান, ধৈর্য ও ষড়যন্ত্র ধ্বংসের আয়াত

**সূরা বাকারাহ (১৫৫-১৫৭):**

وَلَنَبْلُوَنَّكُم بِشَيْءٍ مِّنَ الْخَوْفِ وَالْجُوعِ وَنَقْصٍ

مِّنَ الْأَمْوَالِ وَالْأَنفُسِ وَالثَّمَرَاتِ ۗ وَبَشِّرِ

الصَّابِرِينَ (155)

الَّذِينَ إِذَا أَصَابَتْهُم مُّصِيبَةٌ قَالُوا إِنَّا لِلَّهِ وَإِنَّا

إِلَيْهِ رَاجِعُونَ (156)

أُولَٰئِكَ عَلَيْهِمْ صَلَوَاتٌ مِّن رَّبِّهِمْ وَرَحْمَةٌ ۖ

وَأُولَٰئِكَ هُمُ الْمُهْتَدُونَ (157)

পাঠের নিয়ম: ৩ বার

**অর্থ:** আর আমি অবশ্যই তোমাদেরকে পরীক্ষা করব কিছুটা ভয়, ক্ষুধা, মাল ও জানের ক্ষতি ও ফল-ফসল বিনষ্টের মাধ্যমে। তবে সুসংবাদ দাও সবরকারীদের। যখন তারা বিপদে পতিত হয়,

> তখন বলে, নিশ্চয় আমরা সবাই আল্লাহর জন্য এবং আমরা সবাই তাঁরই সান্নিধ্যে ফিরে যাবো। তারা সে সমস্ত লোক, যাদের প্রতি আল্লাহর অফুরন্ত অনুগ্রহ ও রহমত রয়েছে এবং এসব লোকই হেদায়েত প্রাপ্ত।

**শত্রুর ষড়যন্ত্র ধ্বংসের আয়াত (সূরা আল-ইমরান ১২০):**

# إِن تَمْسَسْكُمْ حَسَنَةٌ تَسُؤْهُمْ وَإِن تُصِبْكُمْ سَيِّئَةٌ يَفْرَحُوا بِهَا ۖ

# وَإِن تَصْبِرُوا وَتَتَّقُوا لَا يَضُرُّكُمْ كَيْدُهُمْ شَيْئًا ۗ إِنَّ اللَّهَ بِمَا يَعْمَلُونَ مُحِيطٌ

> পাঠের নিয়ম: ৩ বার
>
> **অর্থ:** যদি তোমাদের কোনো মঙ্গল হয়, তবে তাদের খারাপ লাগে। আর যদি তোমাদের কোনো অমঙ্গল হয়, তবে তারা আনন্দিত হয়। আর যদি তোমরা ধৈর্য ধারণ করো এবং তাকওয়া অবলম্বন করো, তবে তাদের ষড়যন্ত্র তোমাদের বিন্দুমাত্র ক্ষতি করতে পারবে মোহাইত। নিশ্চয় তারা যা করে, আল্লাহ তা পরিবেষ্টন করে আছেন।

**জালিমদের প্রতি ঝুঁকে না পড়ার নির্দেশ (সূরা হুদ ১১৩):**

# وَلَا تَرْكَنُوا إِلَى الَّذِينَ ظَلَمُوا فَتَمَسَّكُمُ النَّارُ وَمَا لَكُم مِّن دُونِ اللَّهِ مِنْ أَوْلِيَاءَ ثُمَّ لَا تُنصَرُونَ

> পাঠের নিয়ম: ৩ বার
>
> **অর্থ:** আর যারা যুলম করেছে তোমরা তাদের প্রতি ঝুঁকে পড়ো না; তা হলে আগুন তোমাদেরকেও স্পর্শ করবে। আর আল্লাহ ছাড়া তোমাদের কোন অভিভাবক নেই। অতঃপর তোমাদেরকে সাহায্য করা হবে না।

## ৩. পুতুল জাদু (Dumya), গিট ও সুঁই ফোটানোর প্রভাব ধ্বংসের বিশেষ রুকইয়াহ

এই দোয়াগুলোর মাধ্যমে সরাসরি পুতুল জাদু, শরীরের গিট এবং সুঁই ফোটানোর ব্যথা ধ্বংসের নির্দেশ দেওয়া হয়। এটি অত্যন্ত মনোযোগের সাথে পাঠ করবেন।

**بِسْمِ اللَّهِ أَرْقِي الْبَدَنَ، وَشَامِلَ الْبَدَنِ، مِنْ سِحْرِ الدُّمْيَةِ لِلِانْتِقَامِ بِالْمَرَضِ وَالتَّعْطِيلِ**

> পাঠের নিয়ম: ৭ বার
>
> **অর্থ:** আল্লাহর নামে আমি এই শরীরে এবং সমস্ত দেহে রুকইয়াহ করছি, পুতুল জাদুর (Voodoo) প্রভাব থেকে, যা প্রতিশোধ গ্রহণ, রোগ সৃষ্টি এবং জীবনের কাজে বাধা (Blockage) দেওয়ার জন্য করা হয়েছে।

**تُفَكُّ الْعُقَدُ عَلَى الرَّأْسِ وَبَيْنَ الْكَتِفَيْنِ... وَعُقَدًا فِيهِ**

> পাঠের নিয়ম: ৭ বার
>
> **অর্থ:** মাথার ওপরের এবং দুই কাঁধের মধ্যকার গিটগুলো খুলে যাক... এবং এর ভেতরের গিটগুলো ধ্বংস হোক।

فِي دُمْيَةٍ رَبَطُوهَا... بِالْوَخْزِ فِي الرَّأْسِ لِوَجَعِ

الْمَرِيضِ

> পাঠের নিয়ম: ৭ বার
>
> **অর্থ:** যা তারা পুতুলে বেঁধেছে... রোগীকে ব্যথা দেওয়ার জন্য মাথায় ও শরীরে সুঁই (Pins/Needles) ফোটানোর জাদুর মাধ্যমে, তা বাতিল হোক।

## ৪. জাদু বাতিলের আয়াত ও শয়তানকে সতর্কবাণী

**সূরা আম্বিয়া (৩০):**

أَوَلَمْ يَرَ الَّذِينَ كَفَرُوا أَنَّ السَّمَاوَاتِ وَالْأَرْضَ

كَانَتَا رَتْقًا فَفَتَقْنَاهُمَا ۖ

وَجَعَلْنَا مِنَ الْمَاءِ كُلَّ شَيْءٍ حَيٍّ ۖ أَفَلَا يُؤْمِنُونَ

> পাঠের নিয়ম: ৩ বার
>
> **অর্থ:** কাফিররা কি ভেবে দেখে না যে, আকাশমণ্ডলী ও পৃথিবী মিশে ছিল ওতপ্রোতভাবে, অতঃপর আমি উভয়কে আলাদা করে দিলাম এবং প্রাণবান সবকিছু পানি থেকে সৃষ্টি করলাম। তবুও কি তারা বিশ্বাস স্থাপন করবে না?

**সূরা ফুসসিলাত (৫৩):**

سَنُرِيهِمْ آيَاتِنَا فِي الْآفَاقِ وَفِي أَنفُسِهِمْ حَتَّىٰ

يَتَبَيَّنَ لَهُمْ أَنَّهُ الْحَقُّ ۗ

أَوَلَمْ يَكْفِ بِرَبِّكَ أَنَّهُ عَلَىٰ كُلِّ شَيْءٍ شَهِيدٌ

> পাঠের নিয়ম: ৩ বার
>
> **অর্থ:** শীঘ্রই আমি তাদেরকে আমার নিদর্শনাবলী প্রদর্শন করব পৃথিবীর দিগন্তে এবং তাদের নিজেদের মধ্যেও, যতক্ষণ না তাদের কাছে সুস্পষ্ট হয়ে ওঠে যে, এটাই সত্য। আপনার রবের জন্য কি এটাই যথেষ্ট নয় যে, তিনি সর্ব বিষয়ে সাক্ষী?

**সূরা আন-নিসা (৫৬) [জ্বীন ও জাদুকরদের শাস্তির আয়াত]:**

إِنَّ الَّذِينَ كَفَرُوا بِآيَاتِنَا سَوْفَ نُصْلِيهِمْ نَارًا كُلَّمَا

نَضِجَتْ جُلُودُهُم

بَدَّلْنَاهُمْ جُلُودًا غَيْرَهَا لِيَذُوقُوا الْعَذَابَ ۗ إِنَّ اللَّهَ

كَانَ عَزِيزًا حَكِيمًا

> পাঠের নিয়ম: ৩ অথবা ৭ বার
>
> **অর্থ:** নিশ্চয়ই যারা আমার আয়াতসমূহ প্রত্যাখ্যান করেছে, অচিরেই আমি তাদেরকে আগুনে প্রবেশ করাব। যখনই তাদের চামড়া পুড়ে যাবে, তখনই তার স্থলে আমি নতুন চামড়া সৃষ্টি করে দেব, যাতে তারা আজাব আস্বাদন করতে পারে। নিশ্চয়ই আল্লাহ পরাক্রমশালী, প্রজ্ঞাময়।

## 📌 সেলফ রুকইয়াহ গাইডলাইন

আপনি যে সমস্যাগুলো থেকে বের হতে চান অথবা যে রোগ থেকে সুস্থতা লাভ করতে চান সেই সমস্যা ও রোগ গুলোকে ১, ২, ৩, এভাবে নাম্বার দিয়ে সিরিয়াল অনুযায়ী প্রথমে নোট ডাউন করে নিবেন। পরবর্তীতে এক নম্বরে যে সমস্যা বা রোগটি থাকবে সেটার জন্য একদিন ৩০ মিনিট আপনি নিজেই রুকইয়াহ করবেন, দ্বিতীয় নম্বরে যে সমস্যা বা রোগটি থাকবে সেটার জন্য দ্বিতীয় দিন ৩০ মিনিট রুকইয়াহ করবেন। তৃতীয় দিন তৃতীয় সমস্যা বা রোগটির জন্য, চতুর্থ দিন চতুর্থ সমস্যা বা রোগের জন্য। এভাবে সিরিয়াল অনুযায়ী এগোবেন।

## 🟢 নিজেই নিজের রুকইয়াহ করার নিয়ম

"হে আল্লাহ আমার **পুতুল জাদু, গিট জাদু, শরীরে সুঁচ ফোটানোর ব্যথা, অজানা অসুস্থতা এবং জীবনের সকল ব্লকের** সাথে সম্পৃক্ত সকল বদনজর, হাসাদ, সেহের, জ্বীন, শরীরের ভিতরে ও বাইরে থাকা শয়তান জ্বীন ও তাদের সকল প্রভাবকে আপনি ধ্বংস করে দিন"

উপরের এই বাংলা দোয়াটি ১৫ মিনিট পাঠ করবেন। আর বাকি ১৫ মিনিট সূরা ফাতিহা, ফালাক এবং নাস পাঠ করবেন।

**কুরআনের আয়াত এর আরবী পাঠ:**

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ (1) الْحَمْدُ لِلَّهِ رَبِّ

الْعَالَمِينَ (2) الرَّحْمَٰنِ الرَّحِيمِ (3) مَالِكِ يَوْمِ

الدِّينِ (4)

إِيَّاكَ نَعْبُدُ وَإِيَّاكَ نَسْتَعِينُ (5) اهْدِنَا الصِّرَاطَ

الْمُسْتَقِيمَ (6) صِرَاطَ الَّذِينَ أَنْعَمْتَ عَلَيْهِمْ غَيْرِ

الْمَغْضُوبِ عَلَيْهِمْ وَلَا الضَّالِّينَ (7)

قُلْ أَعُوذُ بِرَبِّ الْفَلَقِ (1) مِن شَرِّ مَا خَلَقَ (2)

وَمِن شَرِّ غَاسِقٍ إِذَا وَقَبَ (3) وَمِن شَرِّ

النَّفَّاثَاتِ فِي الْعُقَدِ (4) وَمِن شَرِّ حَاسِدٍ إِذَا

حَسَدَ (5)

قُلْ أَعُوذُ بِرَبِّ النَّاسِ (1) مَلِكِ النَّاسِ (2) إِلَٰهِ

النَّاسِ (3) مِن شَرِّ الْوَسْوَاسِ الْخَنَّاسِ (4)

الَّذِي يُوَسْوِسُ فِي صُدُورِ النَّاسِ (5) مِنَ

الْجِنَّةِ وَالنَّاسِ (6)

এভাবে বাংলা ১৫ মিনিট দোয়া এবং ১৫ মিনিট কুরআনের আয়াত পাঠ করে মোট ৩০ মিনিট রুকইয়াহ শেষ করার পর পানি, মধু, গোলাপজল, অলিভ অয়েল, সিদর পাতা, এগুলোতে ফুঁ দিয়ে মিশিয়ে ফুঁ দিবেন।

এরপর করার ফলে আপনার নিজের রুকইয়াহও হলো আবার সাথে সাথে আপনার পড়া পানি, পড়া মধু, পড়া তেল ইত্যাদি সব সাপ্লিমেন্ট ব্যবহারের জন্য তৈরি হয়ে গেল।

## 🟢 সাপ্লিমেন্ট ব্যবহার করার নিয়ম

আপনি রুকইয়াহ করে যে পড়া পানি তৈরি করেছেন সেখান থেকে আধা লিটার পড়া পানি নিয়ে তাতে পরিমাণ মতো এবং স্বাদ মতো লেবুর রস, মধু, সিদর পাতা মিশিয়ে শরবত বানিয়ে পুরোটা খেয়ে আপনার জন্য সাপোর্টিভ রুকইয়াহ অ্যাক্টিভ করবেন।

**সাজেস্টেড অডিও:** পুতুল জাদু ধ্বংস, গিট খোলা এবং জীবনের সকল বাধা বা ব্লক দূর করার শক্তিশালী রুকইয়াহ অডিও প্রতিদিন মনোযোগ দিয়ে শুনবেন।

## 🟢 রুকইয়াহ গোসল করবেন সপ্তাহে ১ দিন

**গোসলের নিয়ম:** এক বালতি গোসলের পানি নিন। তাতে ১ লিটার পড়া পানি, এক চামচ পিঙ্ক সল্ট, ১০-১৫ চামচ গোলাপজল এবং ১ থেকে ৩ চামচ অলিভ অয়েল এবং সাতটি সিদর পাতা বেটে পেস্ট করে পানিতে মিশিয়ে ফেলুন।

এরপর এই ১ বালতি পানি থেকে আরেক বালতি পানি আপনার মাথার উপর থেকে আস্তে আস্তে ঢালবেন এবং পুরো শরীর ম্যাসাজ করবেন। পরবর্তীতে নরমাল ফ্রেশ পানি দিয়ে গোসল করে শরীর পরিষ্কার করে নিবেন।

## 🟢 পড়া অলিভ অয়েল ব্যবহার করবেন

গোসলের পর এবং রাতে ঘুমানোর আগে পুরো শরীরে পড়া অলিভ অয়েল মেখে নিবেন। বিশেষ করে আপনার শরীরের যে সকল জায়গায় ব্যথা করে, জ্বালাপোড়া করে এবং ফুসকুড়ি সেসব স্থানে ঐ পড়া অলিভ অয়েল দিয়ে ম্যাসাজ করবেন।

## 🟢 পড়া পানি দিয়ে মুখ ধোবেন / স্প্রে করবেন

যখন আপনার বাসায় স্প্রে করবেন, তখন ঐ পানি দিয়ে স্প্রে করা হবে এবং পড়া পানি মিশিয়ে নিয়ে তা দিয়ে বাসার ফ্লোর মুছে নিবেন। একটি স্প্রে বোতলে পড়া পানি এবং সুগন্ধি ছাড়া এমন আতর মিশিয়ে বাসায় স্প্রে করবেন।

## 🟢 আমল

সূরা কফ ৩ বার রাতে, সকালে সূরা ইয়াসিন, সন্ধ্যায় সূরা ওয়াকিয়া।

## 🟢 সামর্থ্য অনুযায়ী সুন্নতের নিয়তে সাদাকাহ করবেন

নিয়মিত মাসনুন আমল করার পাশাপাশি নিজের সামর্থ্য অনুযায়ী সুন্নতের নিয়তে সাদাকাহ আদায় করবেন।

***Source Reference:*** *POWERFUL RUQYAH TO DESTROY MAGIC OF VOODOO DOLL THAT BLOCK AND MAKE SICK.*

সংরক্ষিত © আল কুরআন রুকইয়াহ হিলিং সেন্টার